

নম্বর-০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-২৬১

২৩ ফাল্গুন ১৪২২  
তারিখ:-----  
০৬ মার্চ ২০১৬

পরিপত্র

**বিষয়: জেলা প্রশাসকগণের সপরিবার কর্মস্থলে অবস্থান সংক্রান্ত।**

মাঠ পর্যায়ে সরকারি কর্মকর্তাদের সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিভিন্ন সময়ে নির্দেশনা জারি করা হয়েছে। সরকারি দায়িত্ব যথাযথভাবে পালনের স্বার্থে মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ, বিশেষত জেলা প্রশাসকগণের সপরিবার কর্মস্থলে অবস্থানের আবশ্যিকতা রয়েছে।

২। মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসকদের পরিবার তাঁদের কর্মস্থলে রাখার সদয় নির্দেশ প্রদান করেছেন।

৩। এমতাবস্থায়, নিম্নোল্লিখিত বিষয়গুলি যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হল:


(ক) প্রত্যেক জেলা প্রশাসক সপরিবার কর্মস্থলে অবস্থান করবেন;

(খ) জেলা প্রশাসকের স্ত্রী/স্বামী সরকারি চাকরিজীবী হলে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের স্ত্রী/স্বামীকে জেলা প্রশাসকের কর্মস্থলে কিংবা পাশ্চাত্য জেলায় পদায়ন/বদলি করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

(গ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা, ২০১৪ অনুযায়ী কোন জেলা প্রশাসক বদলিযোগে ঢাকাসহ বিভিন্ন মহানগরে ফিরে আসলে তাঁদের সন্তানগণ সংশ্লিষ্ট মহানগরের স্কুলে ভর্তির পূর্বস্বত্ব (লিয়েন)-এর সুবিধা গ্রহণ করতে পারবেন; এবং

(ঘ) জেলা প্রশাসকের পদ হতে ঢাকায় পুনঃবদলি হয়ে আসা কর্মকর্তার অনুকূলে সরকারি বাসা বরাদ্দের বিষয়টি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করবে।

০৪। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ মাকসুদুর রহমান পাটওয়ারী)  
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন)  
ফোন নম্বর: ০২-৯৫৭৩৮৩৩  
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৭৩৫৩৩  
ই-মেইল: [addl\\_dfa@cabinet.gov.bd](mailto:addl_dfa@cabinet.gov.bd)

জেলা প্রশাসক,..... (সকল)।

অনুলিপি:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। সচিব, শিক্ষা/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৪। বিভাগীয় কমিশনার,..... (সকল)।